



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-02-8189029


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩০৭০

তারিখঃ ১১/১০/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ কিস্তি খেলাপী ঋণ আদায়।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বর্তমান সরকারের একটি অগ্রাধিকার প্রকল্প। প্রকল্পভুক্ত বেশির ভাগ উপজেলায় প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হলেও আপনার উপজেলায় সঞ্চয় ও ঋণ কার্যক্রমের অগ্রগতি আশানুরূপ নয়। উপজেলায় সঞ্চয় আদায় খুবই কম এবং বিপুল পরিমাণ কিস্তি খেলাপীর কারণে একদিকে দিনদিন মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে অন্যদিকে ঘূর্ণায়মান বিনিয়োগ কম হচ্ছে। ইহাতে উপজেলায় কর্মরত প্রকল্প কর্মকর্তা-কর্মচারীদের কর্তব্য কর্মে চরম অবহেলা ও নিষ্ক্রিয়তা প্রতীয়মান হচ্ছে যা কোনভাবেই কাম্য নয়। উপজেলায় বিতরনকৃত ঋণ যথা সময়ে আদায়ে এবং কর্মকর্তা-কর্মচারীদের কর্তব্য কর্মে আন্তরিক ও সক্রিয় করতে আপনার তেমন কোন কার্যকরী বা দৃশ্যমান পদক্ষেপ পরিলক্ষিত হচ্ছে না। ইহাতে প্রকল্প কার্যক্রমের কাজিত লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হচ্ছে। উপজেলার বিপুল পরিমাণ কিস্তি খেলাপী আদায়ে প্রকল্পের অনুমোদিত বাস্তবায়ন নির্দেশিকার অনূচ্ছেদ ৫.২৭(১) অনুসরণসহ প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করা একান্ত জরুরী।

এমতাবস্থায়, প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের সুনির্দিষ্ট অগ্রগতি অর্জনের নিমিত্ত মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের ঝুঁকি মোকাবেলায় আপনার উপজেলায় বিপুল পরিমাণ কিস্তি খেলাপী আদায়ে প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণপূর্বক সংশ্লিষ্টদের বেতনভাতা স্থগিতকরণসহ প্রয়োজনীয়, দৃশ্যমান ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলাঃ -----
জেলাঃ -----

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
৬. সংশ্লিষ্ট/ব্যক্তিগত নথি।